

নম্বর :- ০৫.৩০.৮২২৯.০০৪.২৮.০০৫.১৭-১৪৭০

তারিখ :- ২৩ অগ্রহায়ণ ১৪২৯
০৮ ডিসেম্বর ২০২২


নিয়োগ বিজ্ঞপ্তি

জেলা ও উপজেলা মডেল মসজিদ ও ইসলামিক সাংস্কৃতিক কেন্দ্র পরিচালনা নীতিমালা-২০২১ অনুযায়ী রাজবাড়ী জেলাধীন গোয়ালন্দ উপজেলা মডেল মসজিদ ও ইসলামিক সাংস্কৃতিক কেন্দ্রে নিম্নোক্ত পদে অস্থায়ী ভিত্তিতে জনবল নিয়োগের নিমিত্ত আগ্রহী প্রার্থীগণের নিকট হতে বর্ণিত শর্তসাপেক্ষে দরখাস্ত আহ্বান করা যাচ্ছে।

পদের নাম	পদের সংখ্যা	মাসিক সম্মানী (সর্বসাকুল্যে)	যোগ্যতা
পেশ ইমাম	০১(এক)	১৫,০০০/- টাকা	ক) দ্বিতীয় শ্রেণীর কামিল ডিগ্রি/দাওরায়ে হাদীস পাশ। কোন প্রতিষ্ঠানে খতিব/মুফতি বা মুহাদ্দিস হিসেবে ৫(পাঁচ) বছরের অভিজ্ঞতা থাকতে হবে। খ) হাফেজ-ই-কোরআন ইলমে ক্বিরাত এর উপর স্বীকৃত প্রতিষ্ঠান কর্তৃক সনদপত্র। হাফেজ-ই-কোরআন অগ্রাধিকার পাবেন। গ) আরবীতে কথা ও আরবীতে খুতবা পাঠ এবং ইসলামের উপর গবেষণাধর্মী প্রকাশনা অতিরিক্ত যোগ্যতা হিসেবে বিবেচিত হবে।
মুয়াজ্জিন	০১(এক)	১০,০০০/- টাকা	ক) দ্বিতীয় শ্রেণীর আলিম অথবা সমমানের কওমী শিক্ষাগত যোগ্যতা সম্পন্ন স্বীকৃত বোর্ড বা প্রতিষ্ঠান থেকে সনদধারী। সংশ্লিষ্ট ক্ষেত্রে মুয়াজ্জিন হিসেবে ৩(তিন) বছরের বাস্তব অভিজ্ঞতা থাকতে হবে। খ) হাফেজ-ই-কোরআন ইলমে ক্বিরাত এর উপর স্বীকৃত প্রতিষ্ঠান কর্তৃক সনদপত্রের অগ্রাধিকার দেওয়া হবে।
খাদিম	০২(দুই)	৭,৫০০/- টাকা	ক) দ্বিতীয় শ্রেণীর আলিম অথবা সমমানের কওমী শিক্ষাগত যোগ্যতা সম্পন্ন স্বীকৃত বোর্ড বা প্রতিষ্ঠান থেকে সনদধারী। খ) শারীরিকভাবে সুস্থ ও সক্ষম হতে হবে। গ) সংশ্লিষ্ট ক্ষেত্রে খাদিম হিসেবে ১(এক) বছরের বাস্তব অভিজ্ঞতা থাকতে হবে।

শর্তাবলী :

- প্রার্থীকে অবশ্যই বাংলাদেশের স্থায়ী নাগরিক হতে হবে।
- আবেদনপত্রে প্রার্থীকে (ক) নাম (খ) পিতার নাম (গ) স্থায়ী ঠিকানা (ঘ) বর্তমান ঠিকানা (ঙ) জন্ম তারিখ (চ) জাতীয়তা (ছ) মোবাইল নম্বর (জ) শিক্ষাগত যোগ্যতা এবং অভিজ্ঞতা উল্লেখপূর্বক উপজেলা নির্বাহী অফিসার, গোয়ালন্দ, রাজবাড়ী বরাবর স্ব-হস্তে আবেদন করতে হবে। আবেদনে অবশ্যই প্রার্থীর পদের নাম উল্লেখ করতে হবে।
- আবেদনপত্রে নিম্নলিখিত কাগজপত্রসমূহ সংযুক্ত করতে হবে :
(ক) পৌরসভা/ইউনিয়ন পরিষদ কর্তৃক নাগরিকত্ব সনদপত্রের সত্যায়িত কপি;
(খ) ১ম শ্রেণীর গেজেটেড কর্মকর্তা কর্তৃক সত্যায়িত সদ্যতোলা ৩(তিন) কপি রঞ্জীন পাসপোর্ট সাইজের ছবি;
(গ) ১ম শ্রেণীর গেজেটেড কর্মকর্তা কর্তৃক চারিত্রিক সনদপত্র;
(ঘ) জাতীয় পরিচয়পত্রের সত্যায়িত কপি;
(ঙ) সকল শিক্ষাগত যোগ্যতা ও অভিজ্ঞতা সনদের সত্যায়িত কপি।
(চ) বয়স সীমা : ইমাম পদে বয়স ২৫-৪০ বছর, মুয়াজ্জিন/খাদিম পদে বয়স ২০-৩৫ বছর।
- আবেদনপত্র উপজেলা নির্বাহী অফিসার, গোয়ালন্দ, রাজবাড়ী বরাবর আগামী ১৯ ডিসেম্বর ২০২২ তারিখের মধ্যে অফিস চলাকালীন সময়ে ডাকযোগে/ সরাসরি পৌছাতে হবে।
- বাছাইকৃত প্রার্থীদের পরীক্ষার তারিখ ও সময় পরবর্তীতে অবহিত করা হবে।
- কোন প্রার্থী একাধিক পদে আবেদন করতে পারবে না, একাধিক পদে আবেদন করলে আবেদন বাতিল বলে গণ্য হবে।
- প্রার্থীকে নির্বাচনী পরীক্ষায় অংশগ্রহণের জন্য কোন প্রকার টিএ/ডিএ প্রদান করা হবে না।
- কোন তথ্য গোপন করে চাকরীতে নিয়োগ প্রাপ্ত হলে পরবর্তীতে বিষয়টি প্রমাণ সাপেক্ষে নিয়োগ বাতিল হবে এবং সংশ্লিষ্ট ব্যক্তির বিরুদ্ধে আইনানুগ ব্যবস্থা গ্রহণ করা হবে।
- যে কোন প্রকার তদবির/সুপারিশ প্রার্থীর অযোগ্যতা বলে বিবেচিত হবে।
- নিয়োগের জন্য বাছাইকৃত প্রার্থীগণকে শারীরিক সুস্থ্যতা সম্পর্কে উপযুক্ত প্রমাণপত্র দাখিল করতে হবে।
- আবেদনপত্র গ্রহণ, বাতিল ও সংরক্ষণসহ নিয়োগ বিজ্ঞপ্তির যেকোন অংশ পরিবর্তন ও সংশোধনের ক্ষমতা নিয়োগ প্রদানকারী কর্তৃপক্ষ সংরক্ষণ করে এবং নিয়োগ প্রদানের ক্ষেত্রে কর্তৃপক্ষের সিদ্ধান্তই চূড়ান্ত বলে গণ্য হবে। কোন কারণ দর্শানো ব্যতিরেকে কর্তৃপক্ষ এই নিয়োগ বিজ্ঞপ্তি পরিবর্তন বা বাতিল করার ক্ষমতা সংরক্ষণ করেন।
- নিয়োগ সংক্রান্ত সকল তথ্য www.goalanda.rajbari.gov.bd ওয়েব সাইটে নিয়মিত আপলোড করা হবে।


০৮ ডিসেম্বর ২০২২

(মোঃ জাকির হোসেন)
উপজেলা নির্বাহী অফিসার
গোয়ালন্দ, রাজবাড়ী

ও

সভাপতি

উপজেলা মডেল মসজিদ পরিচালনা কমিটি
গোয়ালন্দ, রাজবাড়ী।

নম্বর :- ০৫.৩০.৮২২৯.০০৪.২৮.০০৫.১৭- ২৪৭০/৩(৬)

তারিখ : ২৩ অগ্রহায়ণ ১৪২৯
০৮ ডিসেম্বর ২০২২

অনুলিপি : সদয় অবগতি ও প্রয়োজনীয়(প্রয়োজ্য ক্ষেত্রে) ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরণ করা হলো(জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়)


- ১। মাননীয় জাতীয় সংসদ সদস্য, রাজবাড়ী-১।
- ২। সচিব, ধর্ম বিষয়ক মন্ত্রণালয়, আগারগাঁও, শেরে বাংলা নগর, ঢাকা।
- ৩। মহাপরিচালক, ইসলামিক ফাউন্ডেশন, আগারগাঁও, শেরেবাংলা নগর, ঢাকা।
- ৩। জেলা প্রশাসক, রাজবাড়ী।
- ৪। উপপরিচালক, ইসলামিক ফাউন্ডেশন, রাজবাড়ী।
- ৫। সহকারী প্রোগ্রামার, তথ্য ও যোগাযোগ প্রযুক্তি অধিদপ্তর, গোয়ালন্দ, রাজবাড়ী।

[তাকে নিয়োগ সংক্রান্ত সকল তথ্য www.goalanda.rajbari.gov.bd ওয়েব সাইটে আপলোডের অনুরোধ সহ]

- ৬। ফিল্ড সুপার ভাইজার, ইসলামিক ফাউন্ডেশন, গোয়ালন্দ, রাজবাড়ী।
- ৭। সম্পাদক, দৈনিক মাতৃকণ্ঠ পত্রিকা, রাজবাড়ী।

[তাকে আগামী ০৯-১২-২০২২ তারিখের মধ্যে সীমিত আকারে প্রকাশের অনুরোধ সহ]

- ৮। অফিস কপি।


০৮১২২০২২

উপজেলা নির্বাহী অফিসার
গোয়ালন্দ, রাজবাড়ী

ও

সভাপতি

উপজেলা মডেল মসজিদ পরিচালনা কমিটি
গোয়ালন্দ, রাজবাড়ী।